

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.ntrca.gov.bd

স্মারক নং: ৩৭.০৫.০০০০.০১১.৩১.০০১.২৪-৫৫

তারিখ: ১৫ ফাল্গুন, ১৪৩০ বঙ্গাব্দ
২৮ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিস্টাব্দ

**৫ম গণবিজ্ঞপ্তির জন্য বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক এমপিওভুক্ত শিক্ষকদের শূন্য পদে অধিযাচন/ চাহিদা (e-Requisition) প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তি
(শুধুমাত্র MPO পদের জন্য প্রযোজ্য)**

এতদ্বারা বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA) কর্তৃক ৫ম নিয়োগ বিজ্ঞপ্তির মাধ্যমে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে প্রবেশ পর্যায়ে (Entry Level) শূন্য পদে শিক্ষক নিয়োগ সুপারিশের লক্ষ্যে দেশের সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ (স্কুল, কলেজ, মাদ্রাসা, কারিগরি ও ব্যবসা ব্যবস্থাপনা) থেকে অনলাইনে **MPO** ভুক্ত শূন্য পদের অধিযাচন/চাহিদা (e-Requisition) সংগ্রহের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। উক্ত অধিযাচন/চাহিদা (e-Requisition) কার্যক্রম আগামী ২৯.০২.২০২৪ থেকে ১৮.০৩.২০২৪ তারিখ পর্যন্ত চলবে এবং অধিযাচন (e-Requisition) ফি জমা দেওয়ার শেষ তারিখ ১৯.০৩.২০২৪ তারিখ রাত ১২.০০ পর্যন্ত।


২। ৫ম গণবিজ্ঞপ্তির আওতায় এনটিআরসিএ-এর অধিভুক্ত চাহিদা প্রদান ইচ্ছুক সকল শিক্ষা প্রতিষ্ঠানকে নতুনভাবে চাহিদা প্রদান করতে হবে। পূর্বে জারিকৃত কোন গণবিজ্ঞপ্তির আওতায় প্রদত্ত চাহিদা কোনভাবেই বহাল থাকবে না। এজন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানকে ই-রিকুইজিশন প্রদানের তারিখ পর্যন্ত প্রাপ্ত সকল শূন্য পদের চাহিদা পুনরায় প্রদান করতে হবে। অফলাইনে, হার্ডকপিতে অথবা ই-মেইলে কোন চাহিদা গ্রহণযোগ্য হবে না।

৩। প্রতিষ্ঠান প্রধানগণ তাদের নিজস্ব User ID এবং Password ব্যবহার করে <http://ngi.teletalk.com.bd> ওয়েবসাইটে অথবা NTRCA এর ওয়েবসাইটের (www.ntrca.gov.bd) **ই-রিকুইজিশন** নামক সেবা বক্সের ই-রিকুইজিশন লগইন অপশনে ক্লিক করে e-Requisition প্ল্যাটফরমে প্রবেশ করতঃ অনলাইন ফরমটি পূরণপূর্বক শুধুমাত্র MPO ভুক্ত শূন্যপদের অধিযাচন প্রেরণ করবেন। অনলাইন ফরমটি পূরণের সময় এনটিআরসিএ'র ওয়েবসাইটে প্রদর্শিত ই-রিকুইজিশন সংক্রান্ত নির্দেশিকাটি যথাযথভাবে অনুসরণ করতে হবে।

৪। প্রতিষ্ঠান প্রধানগণ কর্তৃক অনলাইনে ই-রিকুইজিশন দাখিলের পর সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (USEO) এবং পরবর্তীতে জেলা শিক্ষা অফিসার (DEO) তাদের নিজ নিজ User ID/Password ব্যবহার করে ই-রিকুইজিশন প্ল্যাটফরমে প্রবেশ করবেন এবং প্রতিষ্ঠান প্রধানগণ কর্তৃক প্রেরিত শূন্য পদের তালিকাটি পুঙ্খানুপুঙ্খভাবে যাচাইপূর্বক অনলাইনে সাবমিট করবেন।

৫। শিক্ষা প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত শূন্য পদের তালিকাটি ই-রিকুইজিশন গ্রহণকালে একই সঙ্গে আঞ্চলিক পরিচালক/ উপপরিচালকবৃন্দ যাচাই করতে পারবেন। প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত শূন্য পদের তালিকায় কোন ভুল/অসংগতি লক্ষ্য করলে আঞ্চলিক পরিচালক/ উপপরিচালক সংশ্লিষ্ট DEO-কে অবহিত করবেন। DEO তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে ই-রিকুইজিশনটি সংশোধনপূর্বক নির্ধারিত তারিখের মধ্যেই এনটিআরসিএ বরাবর **Submit** করবেন।

৬। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের প্রবেশ পর্যায়ে (entry level) শুধুমাত্র MPO ভুক্ত পদে শিক্ষকের শূন্যপদের অধিযাচন/চাহিদা প্রদানের জন্য এ বিজ্ঞপ্তি জারি করা হলো। কোন NON_MPO ভুক্ত পদে চাহিদা প্রদান করা যাবে না।


(কাজী কামরুল আহসান)
পরিচালক (উপসচিব)
শিক্ষাতন্ত্র ও শিক্ষামান
এনটিআরসিএ, ঢাকা।
ফোন : ০২-৪১০৩০১২১